67

দৈনিক ইত্তেফাক

তারিখ 26 DEC 1998
পৃষ্ঠা ১৫ কলাম ১

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বিরুদ্ধে অহেতুক অপপ্রচার বন্ধের আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আফম ইউসুফ হায়দার ও সাধারণ সম্পাদক অধ্যাপক মোঃ হোসেন মনসুর গতকাল (শুক্রবার) এক বিবৃতিতে বিভিন্ন পত্রিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকদের বিরুদ্ধে অহেতুক নৈতিকতা বিবর্জিত অপপ্রচার বন্ধের আহ্বান জানাইয়াছেন। বিবৃতিতে বলা হয়, আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করিতেছি যে, কয়েকদিন ধরিয়া বিভিন্ন পত্র-পত্রিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কতিপয় শিক্ষকের বিরুদ্ধে নৈতিকতাবিবর্জিত ক্রিয়া-কলাপে সংশ্লিষ্ট থাকার অভিযোগ নিয়া লেখালেখি চলিতেছে। এই ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বক্তব্য হইতেছে ঃ সুষ্ঠু (১৫শঃ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় শিক্ষকদের

(শেষ পৃঃ পর)

তদন্তের মাধ্যমে কেউ দোষী সাব্যস্ত হইলে অবশ্যই তাহার বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইতে হইবে। কিন্তু ইহার পূর্বে ঢালাওভাবে বিভিন্ন পত্র-পত্রিকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকদের বিরুদ্ধে যে প্রচারণা বিভিন্ন মহল কর্তৃক চালানো হইতেছে তাহা চরিত্র হনন ও বিশ্ববিদ্যালয়ের মান-মর্যাদা ভূ-লুণ্ঠিত করার শামিল। আমরা এই ধরনের অপপ্রচারণার তীব্র প্রতিবাদ ও নিন্দা করিতেছি। যেহেতু এ সম্পর্কিত অভিযোগের উপর তদন্ত কমিটি গঠিত হইয়াছে এবং তদন্ত প্রক্রিয়া চলিতেছে সেহেতু রিপোর্ট প্রকাশ না হওয়া পর্যন্ত সকলকে সর্বপ্রকার প্রচারণা হইতে বিরত হওয়ার আহ্বান জানাইতেছি।